



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭

০৭ জ্যৈষ্ঠ ১৪৩০
তারিখ: -----
২১ মে ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ: ০৫ জুলাই ২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে ব্যাংকের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন নির্দেশনা জারি করা হয়েছে।

০২। বাংলাদেশে অগ্নিকাণ্ডের ঘটনা প্রতিরোধ এবং অগ্নিনির্বাপন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার কর্তৃক অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন, ২০০৩; অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিধিমালা, ২০১৪ এবং Bangladesh National Building Code, 2020 প্রবর্তন করা হয়েছে।

০৩। সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে অগ্নিকাণ্ডের ঘটনায় জীবন ও সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি পরিলক্ষিত হচ্ছে। এফক্ষে, অগ্নিকাণ্ডের ঘটনা প্রতিরোধ এবং অগ্নিনির্বাপন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে উল্লিখিত আইন, বিধিমালা ও কোডের প্রয়োজ্য নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো। এতদুদ্দেশ্যে, বিশেষতঃ অগ্নি দুর্ঘটনার ক্ষেত্রে স্বয়ংক্রিয় প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত যন্ত্রপাতি এবং মানুষ কর্তৃক ব্যবহার্য যন্ত্রপাতিসমূহের কার্যকারিতা পরীক্ষাসহ ভবন/দালানে কর্মরত সকলের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ এবং নিয়মিত বিরতিতে অগ্নি নির্বাপন সংক্রান্ত মহড়া আয়োজন করতে হবে।

০৪। এছাড়াও বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৫, বিআরপিডি সার্কুলার লেটার নম্বর-০৬/২০২০, ০৩/২০২১ এবং প্রচলিত বিধি-বিধানের আলোকে ব্যাংকের ব্যবসা কেন্দ্রসমূহের নিরাপত্তা জোরদারকরণের লক্ষ্যে আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

০৫। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোন-৯৫৩০২৫২